

## টিকিটে বড় ছাড় দিচ্ছে বাতিক এয়ার

- A Monitor Desk Report

Date: 27 November, 2024



**কুয়ালালামপুর : দক্ষিণ এশিয়াসহ বিশ্বের বিভিন্ন রুটের টিকিট কাটলে সর্বোচ্চ ৪০ শতাংশ ছাড় দিচ্ছে বাতিক এয়ার মালয়েশিয়া।**

সম্প্রতি যাত্রীদের জন্য এই ছাড় ঘোষণা করেছে এয়ারলাইন্সটি।

বাতিক এয়ার জানায়, যাত্রীদের বিজনেস ক্লাসের রিটার্ন টিকিটের জন্য সর্বোচ্চ ৪০ শতাংশ এবং ইকোনমি ক্লাসের রিটার্ন টিকিটের জন্য সর্বোচ্চ ৩৫ শতাংশ ছাড় ঘোষণা করা হয়েছে। ছাড়ে টিকিট পেতে যাত্রীকে ৩০ নভেম্বরের মধ্যে টিকিট কেটে এ বছরের ডিসেম্বরের ১০ তারিখ এর মধ্যে ভ্রমণ সম্পন্ন করতে হবে।

এই টিকিটের সঙ্গে যাত্রী পাবেন ৩৫ কেজি চেক-ইন লাগেজ ও ৭ কেজি হ্যান্ড লাগেজ নেওয়ার সুবিধা।

বর্তমানে ঢাকা থেকে সরাসরি মালয়েশিয়ার কুয়ালামপুর রুটে ফ্লাইট পরিচালনা করে বাতিক এয়ার মালয়েশিয়া। এছাড়া মালয়েশিয়া হয়ে বাংলাদেশিদের দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশে পৌঁছে দিচ্ছে এয়ারওয়েজটি। ২০১২ সালে প্রতিষ্ঠিত বাতিক এয়ারের আগের নাম ছিল মালিন্দো এয়ার। ২০২২ সালের এপ্রিলে একটি পুনঃব্র্যান্ডিং প্রক্রিয়ার একে বাতিক এয়ার মালয়েশিয়া নামকরণ করা হয়।

এয়ারলাইন্সটির বহরে বর্তমানে বোয়িং ৭৩৭-৮০০ মডেলের ২৬টি, ১৭টি বোয়িং ৭৩৭-৮ এবং এয়ারবাস এ৩৩০-৩০০ মডেলের ৬টিসহ মোট ৪৯টি এয়ারক্রাফট রয়েছে। বৃহৎ এয়ারবাসগুলোর ধারণক্ষমতা ৩৭৭ যাত্রী।

-B